Español: masspowerchoice.com/cambridge/letter_spanish.pdf
Kreyòl ayisyen: masspowerchoice.com/cambridge/letter_hcreole.pdf
বাংলা: masspowerchoice.com/cambridge/letter_bangla.pdf
አማርኛ: masspowerchoice.com/cambridge/letter_amharic.pdf

সিটি অফ কেমব্রিজ

কমিউনিটি ইলেক্ট্রিসিটি অ্যাগ্রিগেশন প্রোগ্রাম (জনসামাজিক বিদ্যুৎ সমষ্টিভূত কার্যক্রম)

বিজ্ঞপ্তি চিঠি

16 জানুয়ারি, 2018

প্রিয় কেমব্রিজবাসী অথবা ব্যবসায়িক প্রতিষ্ঠান,

এই চিঠিতে আপনার ইলেক্ট্রিসিটি বিল সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য আছে।

বর্তমানে আপনার Eversource বেসিক সার্ভিস আছে। এর মানে Eversource আপনার কাছে ইলেক্ট্রিসিটি পৌঁছে দেয়, এবং Eversource আপনার ইলেক্ট্রিসিটি সরবরাহকারীও (আপনার হয়ে তারা ইলেক্ট্রিসিটি ক্রয় করে)।

যাইহোক, ক্যামব্রিজ সিটির ক্যামব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি (**Cambridge Community Electricity**) নামে একটি বিদ্যুৎ সমবায় প্রোগ্রাম রয়েছে। এই প্রোগ্রামে এভারসোর্স (Eversource) আপনাকে বিদ্যুৎ সরবরাহ করে থাকে, তবে শহরটি তার নিজস্ব বিদ্যুৎ সরবরাহকারীকে মনোনীত করেছে। Eversource হতে আপনি যে পরিমাণ বিদ্যুৎ পান শহরটির সরবরাহকারীরা তার চেয়েও অধিক পরিমাণ নবায়নযোগ্য শক্তি সরবরাহ করে। **একটি প্রতিযোগিতামূলক নিলামী প্রক্রিয়ায়, ক্যামব্রিজ অ্যাগেরা এনার্জি (Agera Energy) এর সাথে একটি 18-মাস মেয়াদের চুক্তি আলোচনা করেছে যা 2017 সালের জুলাই থেকে শুরু হয়েছে।**

আপনি অটোমেটিকভাবে কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটিতে নথিভুক্ত হয়ে যাবেন, যদি না আপনি অংশগ্রহণ করতে রাজি না থাকেন। অংশগ্রহণ করা আবশ্যিক নয়।

অংশগ্রহণ বলতে বোঝায়: আপনি আপনার Eversource বিদ্যুৎ বিলের সরবরাহ বিভাগের নিচে অ্যাগেরা এনার্জি এবং প্রোগ্রামটির মূল্য দেখতে পাবেন। যাইহোক, Eversource এর সাথে বিদ্যুৎ সংশ্লিষ্ট আপনার প্রাথমিক সম্পর্ক অব্যাহত থাকবে:

- আপনার বিল Eversource কাছ থেকেই আসবে
- আপনি বিলের প্রদত্ত অর্থ Eversource কেই দিতে থাকবেন
- আপনার বিদ্যুৎ চলে গেলে আপনি আগের মত Eversource কেই কল করবেন

আপনি যদি কম-আয়ভুক্ত পৌঁছে দেওয়ার হার বা জ্বালানি সংক্রান্ত সহায়তার জন্য উপযুক্ত হন, আপনি সেই সকল সুযোগ-সুবিধা পেতে থাকবেন।

অংশগ্রহণ না করার মানে: Eversource আপনার ইলেক্ট্রিসিটি যোগানকারী হওয়া চালিয়ে যাবে, এবং আপনার বিলের সাপ্লাই অংশটি Eversource বেসিক সার্ভিস রেটেই থাকবে।

অংশগ্রহণ করার সুযোগ-সুবিধা

সঞ্চয় – প্রোগ্রামটির মূল্য বর্তমানে এভারসোর্স বেসিক সার্ভিসের চেয়ে কম। যদিও, এভারসোর্স বেসিক সার্ভিসের মূল্য আবাসিক ও ক্ষুদ্র বাণিজ্যিক গ্রাহকদের জন্য প্রতি ছয় মাস পরপর এবং মাঝারি ও বৃহৎ বাণিজ্যিক গ্রাহকদের জন্য প্রতি তিন মাস পরপর পরিবর্তিত হয়। যার ফলে, প্রোগ্রামটির মূল্য Eversource বেসিক সার্ভিসের মূল্যের চেয়ে কম নাও হতে পারে এবং সেক্ষেত্রে সঞ্চয়ের নিশ্চয়তা দেয়া যাবে না।

স্থানীয়, রিনিউএবেল ইলেক্ট্রিসিটি – এখন থেকে রাজ্যের ধার্য করা ন্যূনতম পরিমাণের চেয়ে বেশি সৌর শক্তি আপনার ইলেক্ট্রিসিটির অন্তর্ভুক্ত করবে, আর অতিরিক্ত সৌর শক্তি আসবে সেই সমস্ত প্রকল্প থেকে যা কেমব্রিজে বা তার আশেপাশে অবস্থিত।

পছন্দ – প্রোগ্রামটি আপনাকে দুইটি বিকল্প প্রদান করে: 1) আদর্শ সবুজ, যাতে থাকছে স্টেট নির্ধারিত আবশ্যকীয় ন্যূনতম শক্তির চেয়ে অধিক শক্তি এবং 2) 100% সবুজ। আপনি স্বয়ংক্রিয়ভাবে আদর্শ সবুজের তালিকায় যুক্ত হবেন তবে আপনি 100% সবুজ পছন্দ করতে পারেন। (*পিছনে বিস্তারিত*)।

কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি

আপনার নতুন ইলেক্ট্রিসিটি যোগান দেওয়ার দাম

10.486 ¢/kWh

Eversource রেসিডেন্সিয়াল (বসবাসকারী) বেসিক সার্ভিস

13.157 ¢/kWh

Eversource ব্যবসায়িক হার পিছনে দেওয়া আছে। ▶

গ্রাহক পরিষেবা:

1-888-589-7790

অংশগ্রহণ করতে চান না?

আপনি করতে বাধ্য নন। কার্যক্রমের সঙ্গে জড়িত না থাকতে চাইলে কোন জরিমানা বা খরচ দিতে হবে না, আর আপনি যে কোন সময়ে জড়িত না থাকার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি যদি অংশগ্রহণ না করতে চান, তাহলে আপনি Eversource বেসিক সার্ভিস গ্রাহক থেকে যাবেন।

তালিকাভুক্ত না হতে চাইলে, 15 ফেব্রুয়ারি, 2018 এর পূর্বে নিম্নোক্ত যেকোনো একটি কাজ করুন:

▶ সঙ্গে থাকা কার্ডটি স্বাক্ষর করুন এবং ফেরত পাঠান, **1-888-589-7790**, নম্বরে Agera Energy-কে কল করুন, বা অনলাইনে জড়িত না থাকার সিদ্ধান্ত নিনএই ঠিকানায় **www.masspowerchoice.com/cambridge**

ভবিষ্যতে কোন সময় জড়িত না থাকার সিদ্ধান্ত নিতে চাইলে, যেকোনো সময়ে নিম্নলিখিত যেকোনো একটি করুন:

▶ **1-888-589-7790** নম্বরে Agera Energy-কে কল করুন বা অনলাইনে জড়িত না থাকার সিদ্ধান্ত নিন এই ঠিকানায় **www.masspowerchoice.com/cambridge**

কার্যক্রমের বিকল্প এবং খরচসমূহ

1. আপনি যদি কিছু না করেন, আপনি অটোমেটিকভাবে স্ট্যান্ডার্ড গ্রীনে নথিভুক্ত হয়ে যাবেন:		**10.486 ¢/kWh*** বসবাসকারী, ছোট ব্যবসা, এবং বড় ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য *(এটা সব থেকে কম ব্যয়বহুল বিকল্প)*
রিনিউএবেল এনার্জি কনটেন্ট	**ক্যামব্রিজ অথবা এর নিকটবর্তী অঞ্চলে উৎপাদিত সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে রাষ্ট্রের চাহিদা অনুসারে সৌরশক্তি সর্বনিম্ন 2.8628% থেকে প্রায় 3.5785% (25% বৃদ্ধি) বাড়ানো।****	
দরের সময়কাল (রেট টার্ম)	তালিকাভুক্তি - জানুয়ারি 2019 মিটার রিড।	
বেরোবার সময়কাল (একজিটটার্ম)	যে কোন সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরোবার জন্য কোন অর্থ দিতে হবে না।	

2. আপনি যদি 100% রিনিউএবেল এনার্জি চান, তাহলে আপনি 100% গ্রীনের বিকল্প বাছতে পারেন: ▶ **100% গ্রীনের বিকল্প বাছতে হলে Agera Energy-কে কল করুন এই নম্বরে 1-888-589-7790।**		**12.180 ¢/kWh*** বসবাসকারী, ছোট ব্যবসা, এবং বড় ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্যে *(এটা বেশি খরচের বিকল্প)*
রিনিউএবেল এনার্জি কনটেন্ট	**১০০% পরিষ্কার এনার্জি নিউ ইংল্যান্ডের রিনিউএবেল এনার্জি প্রকল্পসমূহ থেকে।**	
দরের সময়কাল (রেট টার্ম)	তালিকাভুক্তি - জানুয়ারি 2019 মিটার রিড।	
বেরোবার সময়কাল (একজিট টার্ম)	যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরোবার জন্য কোন অর্থ দিতে হবে না।	

3. আপনি যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত না নেন, আপনি Eversource বেসিক সার্ভিসেই থেকে যাবেন:		**13.157 ¢/kWh** বসবাসকারী **12.961 ¢/kWh** ছোট ব্যবসা **14.908 ¢/kWh** মাঝারি এবং বৃহৎ ব্যবসা
রিনিউএবেল এনার্জি কনটেন্ট	ম্যাসাচুসেটসের ন্যূনতম রিনিউএবেল এনার্জি প্রয়োজনীয়তার সঙ্গে সমান্তরালে।	
দরের সময়কাল (রেট টার্ম)	জানুয়ারি 1, 2018 – জুন 30, 2018, বসবাসকারী ও ছোট ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য। জানুয়ারি 1, 2018 – মার্চ 31, 2018, বড় ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্যে। প্রতি 6 মাস অন্তর বসবাসকারী ও ছোট ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য এবং প্রতি তিন মাস অন্তর বড় ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য Eversource ফিক্সড বেসিক সার্ভিস রেট পরিবর্তিত হয়।	
বেরোবার সময়কাল (একজিটটার্ম)	যে কোন সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরোবার জন্য কোন অর্থ দিতে হবে না।	

* স্ট্যান্ডার্ড গ্রীন খরচ এবং 100% গ্রীন খরচ উভয়ের অন্তর্ভুক্ত $0.00075/kWh অ্যাডমিনিস্ট্রেশন খরচা।

** 25% বেশি সৌর শক্তি কেনা বিশেষভাবে বোঝায় ম্যাসাচুসেটস সোলার রিনিউএবেল এনার্জি সার্টিফিকেটস (এসআরইসি) কেনা এসআরইসি II-উপযুক্ত প্রকল্প থেকে, 2018-এর জন্য রাজ্যের ন্যূনতম প্রয়োজনীয়তা ছাড়াও। সম্ভাব্য ইলেক্ট্রিসিটি বিক্রি দেখানোর উপর ভিত্তি করে শতাংশ পাওয়া গেছে।

প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

সঞ্চয় কি নিশ্চিত? না। প্রোগ্রামটির মূল্য Eversource এর মূল্যের চেয়ে কম হওয়ার ব্যাপারে নিশ্চয়তা দেওয়া হয় শুধুমাত্র Eversource এর বর্তমান মূল্য নীতির সমাপ্তি পর্যন্ত। Eversource এর মূল্য আবাসিক এলাকা ও ক্ষুদ্র ব্যবসার ক্ষেত্রে আগামী জুলাই 1, 2018, এবং এপ্রিল 1, 2018 তারিখ থেকে মাঝারি ও বৃহৎ ব্যবসার ক্ষেত্রে পরিবর্তিত হবে। বর্তমান মূল্য জানতে https://www.eversource.com/Content/ema-c/residential/my-account/billing-payment/rates-tariffs/basic-service ভিজিট করুন।

আমি ইতোমধ্যেই একটি বিদ্যুৎ সরবরাহকারীর সাথে আমার নিজস্ব চুক্তি সম্পন্ন করেছি: আমাকে কী করতে হবে? আপনার যদি বর্তমানে কোনো কোম্পানির সাথে কোনো চুক্তি থাকে এবং আপনি যদি সেই চুক্তিটি বজায় রাখতে চান তাহলে আপনাকে অবশ্যই কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম থেকে বেরিয়ে আসবে হবে। প্রোগ্রাম থেকে বেরিয়ে আসার ব্যর্থতার ফলে এই প্রোগ্রামে আপনি তালিকাভুক্ত হয়ে যাবেন এবং আপনার পূর্বের সরবরাহকারীর নিকট শাস্তি আরোপের শিকার হতে পারেন।

আমার সম্পত্তিতে সোলার প্যানেল আছে। আমি কি নেট মিটারিং ক্রেডিট পেতে থাকব? হ্যাঁ। নেট মিটারিং সেই একইভাবে কাজ করবে আপনি কার্যক্রমে অংশগ্রহণ করলে। আপনার সোলার প্যানেলের নেট মিটারিং ক্রেডিট আপনার Eversource বিলে আসতেই থাকবে এবং Eversource বেসিক সার্ভিস খরচ অনুযায়ী গণনা করা হবে।

এছাড়াও আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে কাস্টোমার সাপোর্ট-এর সাথে যোগাযোগ করুন এই নম্বরে **1-844-379-9934** বা এই ঠিকানায় **cambridge@masspowerchoice.com**, বা দেখুন **www.masspowerchoice.com/cambridge**। আমাদের কার্যক্রমের পরামর্শদাতারা আপনাকে সাহায্য করতে পারলে খুশি হবেন।

লুইস ডেপাস্কুয়েল (Louis DePasquale)
সিটি ম্যানেজার

জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়ার রিপ্লাই কার্ড

কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম

X ______________________________

স্বাক্ষর তারিখ

জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়া সংক্রান্ত নির্দেশাবলী

কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটিতে অংশগ্রহণ করতে হলে আপনাকে কিছু করতে হবে না।

আপনি যদি অংশগ্রহণ না করতে চান:

১। এই কার্ডটিতে স্বাক্ষর করুন এবং তারিখ দিন

২। সঙ্গে থাকা খামে কার্ডটি ঢোকান আর খামটি মেল করে দিন।

কার্ডটি অবশ্যই এই কার্ডে রেকর্ডকৃত গ্রাহক (Customer of Record) কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। তালিকাভুক্ত না হতে চাইলে আপনাকে কার্ডটি অবশ্যই 15 ফেব্রুয়ারি, 2018 এর আগে ফেরত দিতে হবে। তালিকাভুক্তির পরেও আপনি যেকোনো সময় তালিকাভুক্তি বাতিল করতে পারবেন।